



Cheryl Lawrence, MD, FAAP

মেডিক্যাল ডিরেক্টর

Office of School Health

42-09 28th St.

Queens, NY 11101-4132

জুলাই 2019

প্রিয় পিতামাতা/অভিভাবক,

নিউ ইয়র্ক সিটি 2019-2020 শিক্ষাবর্ষের জন্য স্কুলের টিকাকরণ আবশ্যিক শর্তাবলীগুলো হালনাগাদ (আপডেট) করেছে। এই পত্রের সঙ্গে 2019-2020 শিক্ষাবর্ষের জন্য স্কুলের টিকাকরণ আবশ্যিক শর্তাবলীর একটি তালিকা আছে। যদি আপনার সন্তানেরা চাইল্ড কেয়ার বা স্কুলে যায় তাহলে তাদের স্কুল শিক্ষাবর্ষের শুরুর আগে অবশ্যই টিকাকরণের প্রমাণ জমা দিতে হবে।

গ্রেড 12 পর্যন্ত শিশু পরিচর্যার সমস্ত ছাত্র-ছাত্রীদের নিম্নলিখিত শর্তাবলীগুলো বাধ্যতামূলকভাবে পূরণ করতে হবে:

- DTaP (ডিপথেরিয়া-টিটেনাস-পার্টসিস), পলিওভাইরাস, MMR (মিজলস্-মামস-রুবেলা), ভেরিসেলা এবং হেপাটাইটিস বি টিকা।

5 বছরের কম বয়সী যে সকল বাচ্চারা চাইল্ড কেয়ার এবং প্রি-কিন্ডারগার্টেনে (প্রি-K) ভর্তি হয়েছে তাদেরকে নিম্নলিখিত শর্তাবলী পূরণ করা আবশ্যিক:

- Hib (হেমোফিলাস ইনফ্লুয়েঞ্জা টাইপ বি) এবং PCV (নিউমোকোকাল কনজুগেট) টিকা।
- ইনফ্লুয়েঞ্জা (ফ্লু) টিকা
 - বাচ্চাদের ডিসেম্বর 31, 2019 এর মধ্যে ফ্লু এর টিকা দেয়া আবশ্যিক (সাধারণত, শরতের শুরুর দিকে এটি উপলভ্য হয়)।

6 থেকে 12 গ্রেডের বাচ্চাদের নিম্নলিখিত শর্তাবলী পূরণ করা আবশ্যিক:

- Tdap বুস্টার এবং MenACWY (মেনিনজোকোকাল কনজুগেট) টিকা।

আপনার শিশু পরিচর্যা প্রদানকারীর সঙ্গে আপনার বাচ্চার টিকাকরণের ইতিহাস পর্যালোচনা করুন। তার প্রদানকারী আপনাকে শিশু পরিচর্যা বা এই শিক্ষাবর্ষে ভর্তি হতে আপনার বাচ্চার এক বা একাধিক টিকার অতিরিক্ত ডোজের প্রয়োজন কিনা জানাবেন।

আবশ্যিক শর্তাবলী সম্পর্কে আপনার কোনো প্রশ্ন থাকলে, আপনার চাইল্ড কেয়ার সেন্টার বা স্কুলের প্রশাসনিক অফিসের সঙ্গে যোগাযোগ করুন।

বিনীত,

Cheryl Lawrence, MD, FAAP

মেডিক্যাল ডিরেক্টর

Office of School Health

আপনার সন্তান কী চাইল্ড কেয়ার বা স্কুলের জন্য প্রস্তুত?

2019-2020 শিক্ষা বর্ষ

নিউ ইয়র্ক সিটির আবশ্যিক টিকাদান সম্পর্কে জানুন

নিউ ইয়র্ক সিটির 2 মাস থেকে 18 বছর বয়সী সমস্ত শিক্ষার্থীকে অবশ্যই চাইল্ড কেয়ার বা স্কুলে যেতে নিম্নলিখিত টিকা নিতে হবে। এই শিক্ষা বর্ষে আপনার সন্তানের গ্রেডের ভিত্তিতে তার টিকার প্রয়োজনীয়তা পর্যালোচনা করুন।

টিকাদান	প্রি-কিন্ডারগার্টেন (শিশু পরিচর্যা, হেড স্টাট, নার্সারি, 3K বা প্রি-k)	কিন্ডারগার্টেন - গ্রেড 5	গ্রেড 6-11	গ্রেড 12
ডিপথেরিয়া, টিটেনাস এবং পার্টুসিস (DTaP)	4 ডোজ	5 ডোজ অথবা 4 ডোজ শুধুমাত্র যদি চতুর্থ ডোজ 4 বা তার বেশি বয়সে দেয়া হয়ে থাকে অথবা অথবা 3 ডোজ শুধুমাত্র যদি বাচ্চার বয়স 7 বা তার বেশি হলে এবং সিরিজ 1 বছর বা তার বেশি বয়সে শুরু হলে	3 ডোজ	
টিটেনাস, ডিপথেরিয়া এবং পার্টুসিস বুস্টার (Tdap)			1 ডোজ (11 বছরে বা তার পরে)	
পোলিও (IPV/OPV)	3 ডোজ	4 ডোজ অথবা 3 ডোজ শুধুমাত্র যদি তৃতীয় ডোজ 4 বা তার বেশি বয়সে দেয়া হয়ে থাকে	4 ডোজ বা 3 ডোজ শুধুমাত্র যদি তৃতীয় ডোজ 4 বছর বা তার বেশি বয়সে নেয়া হয়ে থাকে	3 ডোজ
মিজলস, মাম্পস, এবং রুবেলা (MMR)	1 ডোজ	2 ডোজ		
হেপাটাইটিস বি	3 ডোজ	3 ডোজ	3 ডোজ অথবা হেপাটাইটিস বি টিকার 2 ডোজ (রিকম্বিন্যান্ট এইচবি) যদি ডোজগুলি বয়স 11 থেকে 15 বছরের মধ্যে অন্তত 4 মাস অন্তর নেয়া হয়ে থাকে	
ভেরিসিলা (চিকেনপক্স)	1 ডোজ	2 ডোজ		1 ডোজ
মেনিনজোকোকাল কনজুগেট (MenACWY)			গ্রেড 7, 8, 9 ও 10: 1 ডোজ	2 ডোজ বা 1 ডোজ কেবলমাত্র যদি প্রথম ডোজ 16 বছর বা তার বেশি বয়সে নেয়া হয়ে থাকে
হেমফিলাস ইনফ্লুয়েঞ্জা টাইপ বি কনজুগেট (Hib)	1 থেকে 4টি ডোজ শিশুর বয়স এবং আগের ডোজের ওপর নির্ভর করে			
নিউমোকোকাল কনজুগেট (PCV)	1 থেকে 4টি ডোজ শিশুর বয়স এবং আগের ডোজের ওপর নির্ভর করে			
ইনফ্লুয়েঞ্জা	1 ডোজ			

আপনার সন্তানের বয়স ও আগে নেওয়া টিকার ডোজের ভিত্তিতে তাকে কয়টি টিকা নিতে হবে সেই সংখ্যার ভারতম্য হতে পারে। যদি আপনার শিশুর নির্দিষ্ট কোনো স্বাস্থ্য সমস্যা থাকে তাহলে তার অতিরিক্ত টিকা বা টিকা ডোজের প্রয়োজন হতে পারে। আপনার প্রশ্ন থাকলে ডাক্তারের সঙ্গে কথা বলুন। আরো তথ্যের জন্য 311 নম্বরে ফোন করুন অথবা nyc.gov/health এ গিয়ে “student vaccines” (শিক্ষার্থীর টিকাদান) দেখুন।

Bengali

NYC

Department of Health
& Mental Hygiene

Department of
Education